গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.dhakadiv.gov.bd

নম্বর: ৩৮.০১.৩০০০.০০০.০৮.০০৬.২৩.৩৩৯৯

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ঢাকা বিভাগের আওতাধীন নিম্নবর্ণিত সহকারী শিক্ষকগণকে ১৯৫৯ এর নির্ধারিত ছুটি বিধিমালা ৩(i)(iii) ধারা মোতাবেক অর্ধগড় বেতনে বহি: বাংলাদেশ ছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্তে নিজ খরচে তাদের নামের পার্শ্বে উল্লিখিত দেশ ভ্রমণের অনুমতি প্রদান করা হলো:

ক্রমিক	নাম, পদবী, কর্মস্থল	মঞ্জুরীকৃত ছুটির সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য	ভ্রমণের দেশ
১.	জনাব রেবেকা সুলতানা, সহকারী শিক্ষক, সিংগাইর মডেল সপ্রাবি, সিংগাইর, মানিকগঞ্জ	২১/০৮/২০২৩ বা যাত্রার তারিখ হতে ১৫ (পনের) দিন	ফলোআপ চিকিৎসা	ভারত
২.	জনাব শিরিন আক্তার, সহকারী শিক্ষক, চর আজিমপুর, সিগাইর, মানিকগঞ্জ	১৩/০৮/২০২৩ বা যাত্রার তারিখ হতে ১৫ (পনের) দিন	ফলোআপ চিকিৎসা	ভারত

শর্তাবলী :

ক) ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে।

খ) বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাষ্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন;

গ) বিদেশ ভ্রমন ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;

ঘ) তিনি ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন;

ঙ) তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।

চ) অনুমোদিত বহি: বাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না;

ছ) অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ) এ ছুটি ভোগের ক্ষেত্রে B.S.R (Part-1) এর Appendix-Viii এর Rule-34 এর বিধান প্রযোজ্য হবে;

০৭-০৮-২০২৩
মীর্জা মোঃ হাসান খসরু
উপপরিচালক
০২৫৮০৫৩৩৬৭
ddddhaka@gmail.com

নম্বর: ৩৮.০১.৩০০০.০০০.০৮.০০৬.২৩.৩৩৯৯/১ (১০)

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা;
২। মান্যবর হাইকমিশনার, বাংলাদেশস্থ ভারতীয় হাইকমিশন, ঢাকা;
৩। পরিচালক (পলিসি এন্ড অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা;

৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটুলা, ঢাকা;

৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মানিকগঞ্জ;

৬। উপজেলা শিক্ষা অফিসার, সিংগাইর, মানিকগঞ্জ;

৭। উপজেলা হিসাব রক্ষন অফিসার, সিংগাইর, মানিকগঞ্জ;

৮। ইমিগ্রেশন অফিসার, স্থলবন্দর (সকল), বাংলাদেশ;

৯। জনাব .....সহকারী শিক্ষক.....সপ্রাবি, সিংগাইর, মানিকগঞ্জ এবং

১০। দপ্তর নথি।

০৭-০৮-২০২৩
মীর্জা মোঃ হাসান খসরু
উপপরিচালক